# Times Today BD

জেলা প্রতিনিধি | ঢাকা | 19 May, 2025

প্রিসি ট্রেনিংয়ের মাধ্যমে সিডিসি প্রদান, বিভিন্ন মন্ত্রণালয়ে উপ সহকারী প্রকৌশলী পদে নিয়োগ ও প্রশিক্ষণের মান উন্নয়নের দাবিতে সারাদেশের সাথে একযোগে কমপ্লিট শাটডাউন কর্মসূচি পালন করছে মুন্সীগঞ্জের ইন্সটিটিউট অব মেরিন টেকনোলজির শিক্ষার্থীরা।সোমবার সকাল থেকে টংগিবাড়ী উপজেলার বড়লিয়া এলাকায় প্রতিষ্ঠান ক্যাম্পাসে অবস্থান কর্মসূচি, বিক্ষোভ ও একাডেমিক কার্যক্রম বর্জনের মধ্য দিয়ে পালিত হয় এই কর্মসূচি। এর ফলে বিদেশগামী পিডিও ট্রেনিংয়ে অংশগ্রহণকারীরা ভোগান্তিতে পড়েন।কর্মসূচিতে প্রতিষ্ঠানের শতাধিক মেরিন ও শিপবিল্ডিং ডিপার্টমেন্টের শিক্ষার্থীরা বিভিন্ন ধরনের প্রতিবাদী স্লোগান ও প্ল্যাকার্ড নিয়ে তাদের দাবি তুলে ধরেন। আন্দোলনকারীরা বলেন, নারায়ণগঞ্জ, মুন্সিগঞ্জ, চাঁদপুরসহ দেশের ৬টি জেলায় মেরিন ইন্সটিটিউট থাকলেও সেখানে নেই পর্যাপ্ত প্রশিক্ষণের ব্যবস্থা।এছাড়া ডিপ্লোমা ডিগ্রি পেলেও ভবিষ্যত চাকুরি নিয়ে দুশ্চিন্তায় থাকেন শিক্ষার্থীরা।এই সংকট নিরসনে সরকারের নৌ পরিবহন মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় এবং শিল্প মন্ত্রণালয়কে এগিয়ে আসতে হবে। পরে গণমাধ্যমকর্মীদের উদ্দেশ্যে ইন্সটিটিউট অব মেরিন টেকনোলজি, মুন্সীগঞ্জের অধ্যক্ষ প্রকৌশলী মো. জাহাঙ্গীর আলম বলেন, শিক্ষার্থীদের দাবিগুলো ন্যায্য।দাবিগুলো সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের উর্ধতনদের কাছে আগেও তুলে ধরা হয়েছিলো।তবে কাজ হয়নি।সম্প্রতি নতুন করে এ বিষয়ে আন্দোলন হলে ঢাকায় শিক্ষার্থীদের একটি সভা হয়েছে।এবার আশা করি দ্রুত একটি সুখবর পাওয়া যাবে।

শাটডাউন শিক্ষার্থী

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 19:59

URL: https://www.timestodaybd.com/dhaka/7758072700